দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৭১/২০১৩ তারিখঃ ২৬/০৯/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, ১১ আশ্বিন, ১৪২০ বঙ্গাব্দ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর গণ-বিজ্ঞপ্তি নং-০১, তারিখ ২৩/০৯/২০১৩ খ্রিঃ এর সিএন্ডএফ এজেন্টস লাইসেন্স নবায়নের জন্য প্রযোজ্য অংশ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

**এসোসিয়েশনের প্রধান দপ্তরে সদস্য পদ নবায়নের কার্যক্রম অব্যাহত আছে।**

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা )
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম

গণ-বিজ্ঞপ্তি নং-০১ তারিখ ঃ ২৩/০৯/২০১৩খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকল এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা ২০০৯ অনুসরণে অনুমোদনকৃত যে সকল লাইসেন্সের মেয়াদ ০৪(চার) বৎসর উত্তীর্ণ হবে/হচ্ছে এবং পূর্বের বিধিমালা মোতাবেক যে সকল লাইসেন্স আগামী ৩১ ডিসেম্বর ২০১৩খ্রিঃ তারিখে উত্তীর্ণ হবে, সে সকল সিএন্ডএফ এজেন্ট, রেফারেন্স সিএন্ডএফ এজেন্ট, সেল্ফ ক্লিয়ারিং এজেন্ট এবং শিপিং এজেন্টদেরকে আগামী ১৬/১১/২০১৩ হতে ৩১/১২/২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নে বর্ণিত তথ্য-উপাত্ত ও দলিলপত্রসহ নবায়নের আবেদন লাইসেন্স শাখায় দাখিল করতে অনুরোধ করা হলোঃ

**ক. সিএন্ডএফ এজেন্ট এবং কাস্টম সরকার লাইসেন্স নবায়নের ক্ষেত্রে ঃ-**

| | |
|---|---|
| ০১ | সিএন্ডএফ এজেন্টকে লাইসেন্স নবায়নের জন্য আবেদন পত্রের সাথে লাইসেন্স বুকলেটসহ নবায়ন ফি বাবদ টাঃ-৫০০০/- (পাঁচ হাজার) মাত্র টি, আর, চালানের মাধ্যমে পরিশোধ করে টি,আর,চালানের মূল কপি সংযুক্ত করতে হবে; |
| ০২ | নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধের টি,আর,চালানের কপি দাখিল করতে হবে; |
| ০৩ | সিএন্ডএফ, রেফারেন্স সিএন্ডএফ, শিপিং এবং সেল্ফ ক্লিয়ারিং এজেন্টস লাইসেন্স নবায়নের জন্য পৃথকভাবে সম-পরিমাণের নবায়ন "ফি" পরিশোধ করে চালানের মূল কপি সংযুক্ত করতে হবে; |
| ০৪ | সংযুক্ত তালিকার ছক অনুযায়ী পূর্বের মেয়াদের পারফরমেন্স সনদের কপি দাখিল করতে হবে; |
| ০৫ | নবায়নের আবেদন পত্রের সাথে অফিস ভাড়ার প্রমাণ স্বরুপ ০১ (এক) বছরের ঘরভাড়ার রশিদ (রেভিনিউ ষ্ট্যাম্প সংযুক্ত) এবং উক্ত ঘর ভাড়ার (এক বছরের) উপর প্রদেয় ১৫% ভ্যাট প্রদানের টি, আর, চালানের কপি; |
| ০৬ | চট্টগ্রামস্থ অফিস ঠিকানা প্রদর্শিত ব্যবসার প্রকৃতি উল্লেখ পূর্বক মূসক সনদপত্র দাখিল করতে হবে (সিএন্ডএফ লাইসেন্স হলে সিএন্ডএফ এবং শিপিং লাইসেন্স হলে শিপিং উল্লেখ করতে হবে); |
| ০৭ | নবায়নের আবেদন পত্রের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি প্রদান করতে হবে; |
| ০৮ | নবায়নের আবেদনপত্রের সাথে নবায়নের পূর্ববর্তী আর্থিক বৎসরের হাল-নাগাদ আয়কর পরিশোধ সম্পর্কিত সনদের সত্যায়িত কপি অথবা পরিশোধ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে; |
| ০৯ | সিএন্ডএফ, রেফারেন্স সিএন্ডএফ এবং সেল্ফ ক্লিয়ারিং এজেন্ট এর কার্যসম্পাদনের বৈধতা যাচাইয়ের জন্য অনুচ্ছেদ 'ক' এর উপঅনুচ্ছেদ-৪ এ উল্লিখিত সময় পর্যন্ত যে সমস্ত মালামাল খালাস ও জাহাজীকরণ করা হয়েছে, ক্রম তারিখ অনুযায়ী সে সমস্ত বি/ই এবং শিপিং বিলের অফিস কপি দাখিল করতে হবে; |
| ১০ | এস আর ও নং-১৭৩-আইন/২০১২/২৪০১/কাস্টমস তারিখ-০৭/০৬/২০১২ মোতাবেক স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট এসোসিয়েশনের হাল-নাগাদ সদস্যভূক্তির সনদপত্র; |
| ১১ | ০২ (দুই) কপি " প্রোফরমা ছক " সঠিকভাবে পূরণ করে দাখিল করতে হবে; |
| ১২ | যে সমস্ত কাস্টমস্ সরকার লাইসেন্স/পারমিটের মেয়াদ ২০১৩ সনের ৩১শে ডিসেম্বর উত্তীর্ণ হবে কিংবা যে সকল লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হচ্ছে/হবে, সে সমস্ত কাষ্টমস সরকার/পারমিট নবায়নের জন্য টি, আর, চালানের মাধ্যমে নবায়ন ফি বাবদ টাকা ১০০/- (একশত) ও নবায়ন ফি'র উপর ১৫% ফি পরিশোধ করে টি, আর, চালানের কপি এবং কাস্টমস্ সরকার লাইসেন্স সহ পৃথকভাবে আবেদন করতে হবে; এবং |
| ১৩ | কাস্টমস্ পারমিট নবায়নের আবেদন ডেপুটি কমিশনার ও সদস্য, লাইসেন্সিং অথরিটি বরাবরে কাস্টম হাউস এর লাইসেন্স শাখায় দাখিল করতে হবে; |

**ঘ. শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স সিএন্ডএফ এজেন্টস লাইসেন্স নবায়নের জন্য ঃ**

| | |
|---|---|
| ০১ | কাস্টম হাউস, চট্টগ্রাম হতে ইস্যুকৃত মূল লাইসেন্স এর বিপরীতে যে সকল প্রতিষ্ঠানকে **শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরের জন্য রেফারেন্স** লাইসেন্স অনুমোদন করা হয়েছে, সে সকল লাইসেন্স এর বিপরীতে অনুচ্ছেদ 'ক' এর উপানুচ্ছেদ-০১ এ বর্ণিত লাইসেন্স ফি টাঃ ৫,০০০/- (পাঁচ হাজার) মাত্র ফি পরিশোধের টি, আর, চালান এবং নবায়ন ফি'র উপর ১৫% মূসক পরিশোধের কপি দাখিল করতে হবে। |

স্বাক্ষরিত/-
**মোহাম্মদ নেয়াজুর রহমান**
জয়েন্ট কমিশনার
ও
চেয়ারম্যান, লাইসেন্সিং অথরিটি
কাস্টম হাউস, চট্টগ্রাম।

“ প্রোফরমা ছক ”

| | | |
|---|---|---|
| ০১। | এজেন্টের লাইসেন্স নম্বর (এআইএন নং- ও ইস্যুর তারিখ) | ঃ |
| ০২। | লাইসেন্সের প্রকৃতি | ঃ সিএন্ডএফ/রেফারেন্স সিএন্ডএফ/সেল্ফ ক্লিয়ারিং/শিপিং। |
| ০৩। | এজেন্টের নাম ও ঠিকানা, মূল মালিকের নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা (অংশীদার/সীমিত কোম্পানীর ক্ষেত্রে সংশ্লিষ্টদের নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা) | ঃ |
| ০৪। | ল্যান্ড ফোন নাম্বার ও মোবাইল নাম্বার | ঃ |
| ০৫। | প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষরক্ষমতা প্রাপ্ত ব্যক্তিবর্গের নাম পিতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা (স্বাক্ষরক্ষমতার সময়সীমাসহ) | ঃ |
| ০৬। | প্রতিষ্ঠানের কাস্টম সরকারদের নাম, পিতার নাম, লাইসেন্স নম্বর, ইস্যুর তারিখ এবং স্থায়ী ও বর্তমান ঠিকানাসহ প্রক্সিমিটি আইডি কার্ড নম্বর | ঃ |
| ০৭। | বর্তমানে লাইসেন্স নবায়ন আছে কিনা- না থাকলে কি কারণে লাইসেন্স নবায়িত নেই। | ঃ |
| ০৮। | সর্বমোট জাহাজ খালাস ও বোঝাই (শিপিং লাইসেন্স) | ঃ |
| ০৯। | সর্বমোট বি/ই ও শিপিং বিল এর সংখ্যা | ঃ |
| ১০। | সর্বমোট পণ্যের মূল্য (ক) আমদানী চালান | ঃ টাঃ |
| | ” ” (খ) রপ্তানী চালান | ঃ টাঃ |
| ১১। | সর্বমোট আমদানী শুল্ক প্রদান | ঃ টাঃ |
| ১২। | সর্বমোট ভ্যাট প্রদান | ঃ টাঃ |
| ১৩। | সর্বমোট অগ্রীম আয়কর প্রদান | ঃ টাঃ |
| ১৪। | সর্বমোট অবকাঠামো উন্নয়ন কর প্রদান | ঃ টাঃ |
| ১৫। | সর্বমোট লাইসেন্স ফি প্রদান | ঃ টাঃ |
| ১৬। | সর্বমোট রাজস্ব প্রদান | ঃ টাঃ |
| ১৭। | সর্বমোট সিএন্ডএফ কমিশন এর উপর ভ্যাট প্রদান | ঃ টাঃ |
| ১৮। | প্রতিষ্ঠানের ঠিকানা এবং গঠনগত পরিবর্তন হয়ে থাকলে তার বর্ণনা | ঃ |
| ১৯। | কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ মোতাবেক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কোন কার্যক্রম আছে কিনা | ঃ |

নিবেদক,
আপনারই বিশ্বস্ত

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/৭৬(অংশ-৫)/৮৭১(১)- কাস তারিখঃ ২৩/০৯/২০১৩খ্রিঃ।